রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
এনটিএমসি অধিশাখা-১

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ।

**এস. আর. ও. নম্বর-২৫-/আইন/২০২০।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তপশিল" অর্থ এই বিধিমালার কোনো তপশিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোনো কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তপশিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তপশিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসেবে নিযুক্ত কোনো ব্যক্তি;


মূল্য : টাকা ১৬.০০

(ছ) “সিজিপিএ” অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(জ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক, কমিশনের সহিত পরামর্শক্রমে, অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, এবং তপশিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
(খ) পদোন্নতির মাধ্যমে;
(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তপশিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসেবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতন স্কেলের ১৪-১৮ গ্রেড হইতে ১০-১৩ গ্রেডের কোনো পদে এবং ১০-১৩ গ্রেড হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ হিসেবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিক বার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে অথবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পন্ন হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ কর্মচারীকে তপশিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসেবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—তপশিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় প্রকার কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

**তপশিল-১**
[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক | - | প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | সরকারের যুগ্মসচিব বা সমপদমর্যাদসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ২। | অতিরিক্ত পরিচালক (প্রশাসন/অপারেশন) | - | প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | সরকারের উপসচিব বা সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ৩। | নেটওয়ার্ক এ্যাডমিনিস্ট্রেটর | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>ডেপুটি নেটওয়ার্ক এ্যাডমিনিস্ট্রেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><u>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে:**</u><br>নেটওয়ার্ক এ্যাডমিনিস্ট্রেটর পদের সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ৪। | সিনিয়র ইঞ্জিনিয়ার ট্রান্সমিশন | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>জুনিয়র ইঞ্জিনিয়ার ট্রান্সমিশন পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি।<br><u>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে:**</u><br>সিনিয়র ইঞ্জিনিয়ার ট্রান্সমিশন পদের সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ৫। | সিস্টেম ইঞ্জিনিয়ার | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী সিস্টেম ইঞ্জিনিয়ার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি।<br><u>**প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে:**</u><br>সিস্টেম ইঞ্জিনিয়ার পদের সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬। | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে:** মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার পদের সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ৭। | এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** (ক) রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা (খ) এ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার বা প্রশিক্ষক (সহকারী ইঞ্জিনিয়ার) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে:** এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পদের সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ৮। | ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগ বা পদায়নের ক্ষেত্রে:** ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর পদের সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ৯। | উপ-পরিচালক (প্রশাসন) | - | প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে | সিনিয়র সহকারী সচিব পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ১০। | ডেপুটি নেটওয়ার্ক এ্যাডমিনিস্ট্রেটর | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিযোগাযোগ বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং (গ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১। | রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অফিসার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিযোগাযোগ বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(গ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |
| ১২। | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |
| ১৩। | জুনিয়র ইঞ্জিনিয়ার ট্রান্সমিশন | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিযোগাযোগ বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |
| ১৪। | এ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিযোগাযোগ বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |
| ১৫। | সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেলিযোগাযোগ বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | প্রশিক্ষক (সহকারী ইঞ্জিনিয়ার) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেলিযোগাযোগ বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |
| ১৭। | সহকারী সিস্টেম ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেলিযোগাযোগ বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ। |
| ১৮। | হিসাবরক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে—<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(আ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(ই) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ১৯। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা স্টোর কিপার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও কম্পিউটারে Word processing এর দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০। | ব্যক্তিগত কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের ৬০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা স্টোর কিপার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) বার্তা বাহক বা অফিস সহায়ক পদে এককভাবে অথবা উভয় পদে যৌথভাবে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরিসহ জ্যেষ্ঠতার ভিত্তিতে;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি—<br>(অ) বাংলায় ২০টি শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ২০ টি শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি—<br>(অ) বাংলায় ২০টি শব্দ;<br>(আ) ইংরেজিতে ২০ টি শব্দ; এবং<br>(ঘ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২। | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ:<br>তবে শর্ত থাকে যে, নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে চাকরিতে যোগদানের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত জামানত প্রদান করিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩। | গাড়ি চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা যানবাহন চালনায় ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ি চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) গাড়ী চালনার ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪। | বার্তা বাহক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) মটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্সসহ মটর সাইকেল চালনায় পারদর্শীতা।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্সসহ মটর সাইকেল চালনায় পারদর্শীতা; এবং<br>(গ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, মোট পদের ৮০% পদ জাত হরিজন সম্প্রদায়ের প্রার্থীদের জন্য বরাদ্দ থাকিবে:<br>আরও শর্ত থাকে যে, হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের মধ্য হইতে পূরণ করা যাইবে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**তপশিল-২**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

ব্যক্তিগত কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি

| ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| **সাঁটলিপি** | | | | | | | |
| ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| **কম্পিউটার মুদ্রাক্ষর** | | | | | | | |
| ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যাঃ—(১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণের (Transcribe) জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসেবে গণ্য করা হইবে।

**তপশিল-৩**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, স্টোর কিপার, গাড়িচালক ও বার্তাবাহক পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর বন্টন ও মৌখিক পরীক্ষার নম্বরসমূহ, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা: | ১০০ নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | (ক) বাংলা | ৩০ | | |
| | (খ) ইংরেজি | ৩০ | | |
| | (গ) গণিত/টেকনিক্যাল | ২০ | | |
| | (ঘ) সাধারণ জ্ঞান | ২০ | | |
| ২। | মৌখিক পরীক্ষা | ১০ নম্বর | | |
| | **সর্বমোট নম্বর =** | ১১০ নম্বর | | |

ব্যাখ্যাঃ—যে সকল পদে ব্যবহারিক পরীক্ষা থাকিবে সেই সকল পদে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

**তপশিল-৪**
[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

**অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর বন্টন ও মৌখিক পরীক্ষার নম্বরসমূহ, ইত্যাদি**

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা: | | ৬০ মিনিট |
| | (ক) বাংলা | ১৫ | |
| | (খ) ইংরেজি | ১৫ | |
| | (গ) গণিত | ১০ | |
| | (ঘ) সাধারণ জ্ঞান | ১০ | |
| | **মোট নম্বর =** | ৫০ | |
| ২। | মৌখিক পরীক্ষা | ১০ | |
| **সর্বমোট নম্বর =** | | ৬০ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd